

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৫.২০১৬-৬০৫

তারিখ- ২৮/১১/১৬

আদেশ

যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া-এর বিরুদ্ধে জনৈক মোঃ হাফিজুর রহমান সিনিয়র জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালত-১, বগুড়ায় দণ্ডবিধির ৪২০ ধারায় সি.আর মামলা নং-৪৪/২০১১(ধুনট) দায়ের করেন। উক্ত মামলায় গত ১৬-০৬-২০১৬ খ্রিঃ তারিখে বিজ্ঞ আদালত নিম্নোক্ত আদেশ প্রদান করেন :


“দণ্ডবিধির ৪২০ ধারায়(প্রতারণা) অপরাধের অভিযোগ প্রমানিত হওয়ায় তাকে ০১(এক) বছরের সশ্রম কারাদণ্ড এবং ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা জরিমানা অনাদায়ে আরো ০১(এক) মাসের বিনাশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়। ইতোপূর্বে অত্র মামলায় হাজতবাস করে থাকলে উক্ত হাজতকাল সাজার মেয়াদ হতে বাদ যাবে। উপস্থিত আসামি জনাব মোঃ মনিরুল ইসলাম-এর বিরুদ্ধে সাজা পরোয়ানা ইস্যু করা হয় এবং সাজা ১৬-৬-২০১৬ খ্রিঃ তারিখ হতেই আরম্ভ হবে”।

যেহেতু, তিনি উক্ত দণ্ডের বিরুদ্ধে বগুড়া জেলার দায়রা জজ আদালতে আপিল করলে, আপিল আদালত গত ২৭-১০-২০১৬ খ্রিঃ তারিখে তাকে বর্ণিত দণ্ড হতে খালাস প্রদান করেন;

যেহেতু, গণকর্মচারী(সাজাপ্রাপ্তিতে বরখাস্ত) অধ্যাদেশ, ১৯৮৫ এর ৩(৩) উপধারা মোতাবেক আপিল আদালত কর্তৃক বর্ণিত দণ্ড হতে খালাসপ্রাপ্ত হওয়ায় তাকে চাকরিতে পুনর্বহাল করার সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, এক্ষণে জনাব মোঃ মনিরুল ইসলাম, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া-এর বিরুদ্ধে অধিদপ্তর হতে জারীকৃত ১৭-১০-২০১৬ খ্রিঃ তারিখের ২৮৮ সংখ্যক আদেশ প্রত্যাহারপূর্বক তাকে চাকরিতে পুনর্বহাল করা হলো। তার সাময়িক বরখাস্তকালের মধ্যে জেলে আটককালীন ১৬-০৬-২০১৬ হতে ২১-৬-২০১৬ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৬(ছয়) দিন বিনা বেতনে ছুটি এবং অবশিষ্ট সময় কর্তব্যকাল হিসেবে মঞ্জুর করা হলো।


এ আদেশ জনস্বার্থে জারী করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।


(আনোয়ারুল করিম)
মহাপরিচালক
ফোন : ৯৫৫৯৩৮৯
তারিখ- ২৮/১১/১৬

নং-৩৪.০১.০০০০.০০৭.২৭.০৪৫.২০১৬-৬০৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। কম্পিউটার প্রোগ্রামার(আইসিটি), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। আদেশটি ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৩। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, বগুড়া।
- ০৪। সহকারী পরিচালক(প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা-পত্রটি সংশ্লিষ্ট অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের ব্যবস্থা নিতে অনুরোধ করা হলো।
- ০৫। নিরীক্ষা ও হিসাব রক্ষণ কর্মকর্তা/কল্যাণ কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সারিয়াকান্দি, বগুড়া।
- ০৭। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া। পত্রটি সংশ্লিষ্ট ব্যক্তিকে অবহিত করতে অনুরোধ করা হলো।
- ০৮। জনাব মোঃ মনিরুল ইসলাম, সাবেক অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, সারিয়াকান্দি, বগুড়া।
- ০৯। জনাব মোঃ মনিরুল ইসলাম, পিতা-জনাব ছলিমউদ্দিন মন্ডল, গ্রাম-কামালপুর, পোঃ-চন্দনবাঁশা, উপজেলা-সারিয়াকান্দি, জেলা-বগুড়া।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।


(মোঃ আতাউর রহমান)
সহকারী পরিচালক (শৃংখলা)
ফোন : ৯৫৫১৮৫৯